দৈনিক ইত্তেফাক

৫৬

তারিখ ... JAN 26 1999... ...
পৃষ্ঠা ৪ কলাম ৩......

# উচ্চ মাধ্যমিক গার্হস্থ্য অর্থনীতি বই এখনো অপ্রকাশিত

আমরা ১৯৯৮ সালে উচ্চমাধ্যমিক শ্রেণীর মানবিক গ্রুপে ভর্তি হওয়া নিয়মিত ছাত্রী। এসএসসি পাস করিয়া কলেজে ভর্তি হইবার পর ৬ মাসের বেশী পার হইয়া গিয়াছে; কিন্তু আমাদের পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত গার্হস্থ্য অর্থনীতি বিষয়ের পাঠ্য বইটি এখনো প্রকাশিত হয় নাই। ফলে ইতোমধ্যে আমরা অন্যান্য বিষয়ের লেখাপড়ায় অনেক দূর আগাইয়া গেলেও এই বিষয়ে পড়া লেখা প্রায় শুরুই হয় নাই। আমরা যাহারা গার্হস্থ্য অর্থনীতি বিষয়টি নিয়াছি বর্তমানে তাহাদের পড়াশুনা ভীষণ ক্ষতিগ্রস্ত হইতেছে। শিক্ষক-শিক্ষিকারা অনেক কষ্ট করিয়া ছাত্রীদের এ বিষয়ে কিছু কিছু পাঠদান করিতেছেন। কিন্তু বইয়ের অভাবে সে পাঠ গৃহে অনুশীলন করা সম্ভব হইতেছে না। এমতাবস্থায় উক্ত বই যাহাতে সত্বর বাজারে পাওয়া যাইতে পারে তাহার ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

ফাতেমা খাতুন মহিমা,
আসমা আহমেদ আসমা,
দক্ষিণ খান, উত্তরা, ঢাকা ১২৩০।